



# আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

## الجامعة الإسلامية العالمية شيتاغونغ

### International Islamic University Chittagong

Kumira, Sitakunda, Chittagong, Bangladesh.

Tel : 03042 51154-61, Ext: 327/328 Fax : 03042 51160, E-mail : info@eee.iuic.ac.bd

www.iuic.ac.bd/eee

Ref: IUUC/EEE/3(5).6999.2020

April 16, 2020

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,  
আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

আশা করি, সবাই সুস্থ আছ আল্লাহ' র রহমতে। করোনা মহামারীর এই কঠিন সময়ে আল্লাহ আমাদের সবাইকে ধৈর্য ধারণ করার তৌফিক দান করুক এবং সব ধরনের মহামারী থেকে আমাদের সবাইকে রক্ষা করুক।

তোমরা সবাই অবগত আছ যে, করোনা মোকাবেলায় সরকারী নির্দেশনা অনুসারে সব শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ সময় বন্ধ রয়েছে এবং আমরা সবাই বাসায় অবস্থান করছি। আমরা এখনো নিশ্চিতভাবে জানি না পরিস্থিতি কখন স্বাভাবিক হবে এবং আমরা সবাই কখন আবার প্রিয় ক্যাম্পাসে ফিরে যাব। এই ধরনের বৈশ্বিক মহামারী আমরা সবাই জীবনে প্রথম দেখছি। চেনা পৃথিবীর অনেকটাই ব্যতিক্রমধর্মী এক রূপ আমরা দেখতে পাচ্ছি। ব্যতিক্রমধর্মী জীবনযাত্রার অভিজ্ঞতা আমাদের জীবনে এটাই প্রথম, আর তাই এই পরিস্থিতিতে মানিয়ে চলার জন্য নতুন নতুন কৌশল আমাদের শিখতে হচ্ছে। স্বাভাবিক পরিস্থিতির কার্যক্রম আর ব্যতিক্রমধর্মী পরিস্থিতির কার্যক্রমের মধ্যে কিছুটা হলেও পার্থক্য থাকবে, বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্য হিসাবে সেটা আমরা সবাই বুঝি।

বর্তমান পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রমকে গতিশীল রাখার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ভিত্তিক কার্যক্রম আমরা এখন দেখতে পাচ্ছি, যা আমরা আগে কখনো কল্পনা করি নাই। তবে, শিক্ষাকার্যক্রম ব্যতিক্রমধর্মী হলেও আমরা জানি তা অবশ্যই শিক্ষাকার্যক্রম পরিচালনার নীতি অনুসারেই চালাতে হয়।

আমরা সবাই এটাও বুঝি যে, অনলাইনভিত্তিক শিক্ষা কার্যক্রম আর ক্যাম্পাসের শিক্ষাকার্যক্রম কখনো এক হতে পারে না। বর্তমান পরিস্থিতির কারণে এবং সব স্থানে ইন্টারনেট এর সুযোগ-সুবিধা একই না হওয়ার কারণে কিছু প্রতিকূলতা অবশ্যই থাকবে। তবে, আমরা চাইলে এই প্রতিকূলতার মাঝেও যতটুকু সম্ভব চেষ্টা করতে পারি জ্ঞান অর্জনে এই সময়কে কাজে লাগাতে।

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, তোমরা সবাই নিশ্চয় অবগত আছ যে বিশ্ববিদ্যালয় প্রশাসন মহামারীর এই সংকটপূর্ণ সময়ে শিক্ষার্থীদের মূল্যবান সময়কে যথাযথভাবে কাজে লাগানোর জন্য অনলাইনভিত্তিক ক্লাস পরিচালনার সিদ্ধান্ত নিয়েছেন। যদিও, পরিস্থিতি স্বাভাবিক হলে ক্লাসগুলো আবার নেয়া হবে ক্লাসরুমে, এবং অনলাইন ক্লাসে উপস্থিতিও বাধ্যতামূলক নয়। নিঃসন্দেহে, কিছু সীমাবদ্ধতা সত্ত্বেও অধিকাংশ শিক্ষার্থী এই সিদ্ধান্তে উপকৃত হতে পারবে। আমাদের বিশ্বাস, আমাদের প্রিয় শিক্ষার্থীরা মহামারীর কারণে গৃহবন্দি অবস্থায় থাকার এই সময়টুকু অনলাইন ক্লাসে অংশগ্রহণের মাধ্যমে কাজে লাগানোর যথাসাধ্য চেষ্টা করবে। অনলাইন ক্লাসে ইইই ডিপার্টমেন্টের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আশা করা হচ্ছে এবং এই অনলাইন ক্লাস সহজ ও কার্যকর করতে সহযোগিতার জন্য সকল শিক্ষার্থীর প্রতি বিনীত অনুরোধ জানানো হচ্ছে।

দয়া করে সবাই সরকারী নির্দেশনা মেনে বাসায় অবস্থান কর এবং নিরাপদে থাক।

ইইই শিক্ষকবৃন্দ

